



কমিউনিটি ডেভেলপমেন্ট সেন্টার (কোডেক)  
কমিউনিটি ডেভেলপমেন্ট সেন্টার (কোডেক)

Job Category: NGO/Development

Job Source: কোডেক কোডেক

## Job Summary

Posted On: 13 Jan 2025

Application Deadline: 1 Feb 2025

### কমিউনিটি ডেভেলপমেন্ট সেন্টার (কোডেক) নিয়োগ বিজ্ঞপ্তি

#### সরাসরি সাক্ষাতকার

জাতীয় পর্যায়ের বেসরকারী সংস্থা কমিউনিটি ডেভেলপমেন্ট সেন্টার - কোডেক (এম আর এ সনদ নং ০১৭৮১-০০০৪৮-০০১০৩) এর কর্মএলাকা চট্টগ্রাম, লক্ষ্মীপুর, নোয়াখালী, পটুয়াখালী, মাদারীপুর, বরিশাল এবং বাগেরহাট অঞ্চলের ১৩৭টি শাখার অধীনে ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনার জন্য নিম্নবর্ণিত পদে কাজ করতে আগ্রহী প্রার্থীদেরকে সরাসরি সাক্ষাতকারের জন্য উপস্থিত হবার আহ্বান করা হচ্ছে।

| পদের নাম       | শিক্ষাগত যোগ্যতা                 | বয়স            | সর্বসাকুল্যে বেতন                                                                                                                                                      |
|----------------|----------------------------------|-----------------|------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| ক্রেডিট অফিসার | যে কোন বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর | অনুর্ধ্ব ২৭ বছর | শিক্ষানবীশকালে মাসিক সর্বসাকুল্যে- ১ম মাসে ১৪,০০০/- পরবর্তী মাস হতে ১৭,০০০/-টাকা করে হবে। শিক্ষানবীশকাল শেষে স্থায়ী হলে মাসিক বেতনভাতা সর্বসাকুল্যে ২৮,০৮০/-টাকা হবে। |

ছয়মাস শিক্ষানবীশকাল শেষে চাকুরী স্থায়ী হলে সংস্থারবিধি অনুযায়ী মূল বেতন ছাড়াও বাড়িভাড়া ভাতা, চিকিৎসাভাতা, যাতায়াতভাতা, মোবাইলভাতা, লাঞ্চ ভাতা, পি.এফ, গ্র্যাচুইটি, ছুটি নগদায়ন, উৎসব ভাতা, বৈশাখী ভাতা এবং গ্রুপ ইন্সুরেন্সসহ অন্যান্য সুবিধাদি প্রদান করা হবে। উল্লেখিত পদ অনুযায়ী মোটরসাইকেল ব্যবহারের আলোকে জ্বালানী ভাতা প্রাপ্য হবেন এবং লক্ষ্যমাত্রা অর্জনের ভিত্তিতে নির্ধারিত হারে প্রণোদনা ভাতা প্রাপ্য হবেন।

ঋণ কার্যক্রমে ০২ বছরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষানবীশকাল ছয় (০৬) মাসের পরিবর্তে তিন (০৩) মাস বিবেচিত হবে। অধ্যয়নরতদের আবেদন করার প্রয়োজন নেই।

আগ্রহী প্রার্থীদের সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজ ছবি, সকল শিক্ষাগত ও অভিজ্ঞতা সনদ এর সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের কপি এবং যোগাযোগ নম্বর ও পরিচয় প্রদানে সক্ষম এমন দুইজন অনাত্মীয় ব্যক্তির নাম উল্লেখপূর্বক নির্বাহী পরিচালক বরাবর আবেদনপত্র, একাডেমিক সার্টিফিকেট, মার্কশীট এবং জীবনবৃত্তান্তসহ নিম্নলিখিত সূচি অনুযায়ী সকাল ০৯.০০টায় সরাসরি সাক্ষাতকারের জন্য উল্লেখিত ঠিকানায় উপস্থিত হওয়ার জন্য বলা হচ্ছে।

| তারিখ      | ঠিকানা                                                                                                                 |
|------------|------------------------------------------------------------------------------------------------------------------------|
| ২২/০১/২০২৫ | কোডেক হেড অফিস, রোড ০২, প্লট ০২, লেক ভ্যালী আবাসিক এলাকা, ফয়েজলেক, চট্টগ্রাম।                                         |
| ২৪/০১/২০২৫ | কোডেক মাদারীপুর অফিস, ডাল গবেষণা ইন্সটিটিউট এর বিপরীতে।                                                                |
| ২৫/০১/২০২৫ | বরিশাল যোনাল কার্যালয়, মুন্সি মঞ্জিল, হোল্ডিং নং ৩৪, হযরত কালুশাহ সড়ক, ওয়ার্ড নং ১৫, বরিশাল সিটি কর্পোরেশন, বরিশাল। |
| ২৬/০১/২০২৫ | কোডেক পটুয়াখালী ট্রেনিং সেন্টার, ১০ কালিকাপুর, বসাকবাজার, পটুয়াখালী।                                                 |
| ২৮/০১/২০২৫ | বাগেরহাট ট্রেনিং সেন্টার, দরিতালুক, বাগেরহাট যাত্রাপুর রোড (খান জাহান আলী মাজারের ১ কি.মি. উত্তরে), বাগেরহাট।          |
| ০১/০২/২০২৫ | লক্ষ্মীপুর যোনাল কার্যালয়, ৭৬৬/১, দক্ষিণ মজুপুর, ডিবি রোড, লক্ষ্মীপুর সদর।                                            |

প্রার্থী নির্বাচনে মহিলা প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।